

# ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ (ইউসিবি)

## মুনিগঞ্জ শাখা, মুনিগঞ্জ।

অর্থস্থান আদালত আইন ২০০৩ এর ১২ ধারা মোতাবেক বন্ধকী সম্পত্তি নিলামে বিক্রয়ের বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, মেসার্স অনামিকা এন্টারপ্রাইজ নামীয় ব্যবসা প্রতিষ্ঠানের স্বত্ত্বাধিকারী জনাব রঞ্জন কুমার সাহা, পিতাঃ পার্থনাথ সাহা এবং মাতাঃ কমলা রানী সাহা, ব্যবসায়িক ঠিকানাঃ ১৯৪ বঙ্গবন্ধু সড়ক সমবায় মার্কেট, নারায়ানগঞ্জ, বর্তমান ঠিকানাঃ হোল্ডিং নং-৭৩২, বাগমামুদালী পাড়া, ডাকঘর, থানা ও জেলাঃ মুনিগঞ্জ, স্থায়ী ঠিকানাঃ হোল্ডিং নং-৭৩২, বাগমামুদালী পাড়া, ডাকঘর, থানা ও জেলাঃ মুনিগঞ্জ, কর্তৃক ইউসিবি, মুনিগঞ্জ শাখা হইতে গৃহীত খণ্ডের জামানত হিসাবে নিম্ন তফসিলভূক্ত সম্পত্তি ও তদুপরিস্থিত স্থাপনাদি রেজিস্ট্রিকৃত বন্ধকী দলিলমূলে ব্যাংকের নিকট বন্ধক রাখা আছে এবং রেজিস্ট্রিকৃত আমমোক্তার দলিলমূলে আদালতের আদেশ ছাড়াই উহা বিক্রয়ের ক্ষমতা ব্যাংককে প্রদান করা আছে। খণ্ড গ্রহীতা মঞ্জুরীপত্রের শর্ত মোতাবেক খণ্ড পরিশোধ না করায়বিগত ৩০/০৯/২০১৯ইং তারিখ পর্যন্ড ব্যাংকের পাওনা মোট ৩৪,০৭,৬৫৫.৮৬ (চৌক্রিক লক্ষ সাত হাজার ছয়শত পঞ্চাশ টাকা ছিয়াশি পয়সা) টাকা সহ অন্যান্য আনুসাঙ্গিক খরচ ও আদায়কালতক সুদ আদায়ের নিমিত্তে নিম্ন তফসিলভূক্ত সম্পত্তি ও তদুপরিস্থিত স্থাপনাদি যেখানে যে, অবস্থায় আছে সেই অবস্থায় নিলামে বিক্রয়ের জন্য আগ্রহী ক্রেতাদের নিকট হইতে নিম্ন বর্ণিত শর্তাদিতে সাদা কাগজে/ প্যাডে স্থায়ী ঠিকানাসহ পূর্ণাঙ্গ ঠিকানা উল্লে- খ পূর্বক সীল মোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।

### বন্ধকী সম্পত্তির তফসিল

জেলা-মুনিগঞ্জ, থানা ও সাব-রেজিস্ট্রি অফিস-মুনিগঞ্জ, মৌজা-পথগ্রাম, জে.এল. নং- সি.এস.-৭১, এস.এ-৭১, আর.এস-৩৮, খতিয়ান নং- সি.এস.-১৬৭৯, এস.এ-১৪৯২, আর.এস-১০৫৮, নামজারি- ৫৬৮০, দাগ নং-সি.এস.-১৭৯৯, ১৮০০, এস.এ-১৭৯৯, ১৮০০, আর.এস-২৪৩৭, ২৪৩৮, মোট জমির পরিমাণ ২৭.২৫ শতাংশ এবং তদুপরিস্থিত স্থাপনাদিয়াহার চৌহদিঃ উত্তরে-জয়নাল ঢালী এবং অন্যান্য, দক্ষিণে-আল্ড্র মোল-। এবং অন্যান্য, পূর্বে-মোতালেব সিকদার এবং অন্যান্য, পশ্চিমে-তোতা মিয়া সিকদার এবং অন্যান্য।

### নিলামের শর্তাবলী

- (১) আগামী ১৮/১২/২০১৯ইং বিকাল ৩.৩০ ঘটিকার মধ্যে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, মুনিগঞ্জ শাখায় রাখ্তি বাস্তু সরাসরি অথবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে দরপত্র জমা দিতে হইবে এবং ঐ দিনই ৪.০০ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে।
- (২) প্রত্যেক দরপত্রদাতাকে উদ্ধৃত দর অনুর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা হইলে উহার ২০%, উদ্ধৃত দর ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা হইলে

উহার ১৫%, এবং উদ্ভৃত দর ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০% এর সমপরিমাণ টাকার ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার জামানত স্বরূপ ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, মুঙ্গঝি শাখার অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।

- (৩) অনুর্ধ ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার উদ্ভৃত দর গৃহীত হইবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে, ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার উদ্ভৃত দর গৃহীত হইবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে, এবং ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার অধিক উদ্ভৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে দরদাতাকে সমুদয় মূল্য পরিশোধ করিতে হইবে তাহা করিতে ব্যর্থ হইলে জামানতের টাকা বাজেয়াণ্ড হইবে। প্রথম সর্বোচ্চ দরপত্রদাতার জামানত বাজেয়াণ্ড হইলে ব্যাংক কর্তৃপক্ষ দ্বিতীয় সর্বোচ্চ দরপত্রদাতাকে সম্পত্তি ক্রয়ে আহ্বান করিতে পারিবেন।
- (৪) দাখিলকৃত দরপত্রে সম্পত্তির প্রস্তুবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপর্যাণ্ড বা কম প্রতীয়মান হইলে নিম্ন স্বাক্ষরকারী উক্ত দর প্রস্তুব অগ্রাহ্য করিতে পারিবেন।
- (৫) ব্যাংক কর্তৃপক্ষ সফল দরদাতার অনুকূলে নিলামকৃত সম্পত্তি রেজিস্ট্রি দলিলমূলে হস্তান্তর করিবেন। তবে দলিল রেজিস্ট্রি সংক্রান্ত যাবতীয় খরচ যেমন- রেজিস্ট্রেশন ফি, ষ্ট্যাম্প ডিউটি, বিবিধ ব্যয়সহ অন্যান্য প্রযোজ্য শুল্ক প্রভৃতি এবং উহার উপর কোন সরকারী, আধা-সরকারী, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের যথা-সিটি কর্পোরেশন/পৌরসভা, ওয়াসা, ডেসা/ডেসকো, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান, ভূমিকর ইত্যাদী সহ যে কোন পাওনাদারের পাওনা বা দাবী থাকিলে তাহা সফল দরদাতাকেই বহন করিতে হইবে।
- (৬) দরপত্র জমা দেওয়ার পর বিক্রয় প্রস্তুবিত সম্পত্তির আকার, প্রকার, অবস্থান, স্বত্ত্ব/স্বত্ত্বের দলিল ইত্যাদী সম্পর্কে কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হইবে না।
- (৭) দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহনে ইচ্ছুক ব্যক্তিগণ বিস্তুরিত তথ্য অবগত হইবার জন্য নিম্ন স্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন।
- (৮) ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র গ্রহণ বা সকল দরপত্র বাতিল করিবার ক্ষমতা সংরক্ষন করিবেন।

**ব্যবস্থাপক, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, মুঙ্গঝি শাখা, মুঙ্গঝি।**